প্রকরণে দেখান হইয়াছে। সেই প্রকার ভাবেই শ্রীমান্ উদ্ধবকৃত "কোলাভঃ"—এই প্রশ্নের উত্তরে শ্রীভগবানই "ভগো ম ঐশ্বরো ভাবো লাভো মদ্ভক্তিরুত্তমঃ" অর্থাৎ—হে উদ্ধব! আমার ঐশ্বর্য্যাদি ষাড়্গুণ্যই পরম ভাগ্য। আমার চরণে ভক্তিই উত্তমলাভ। এইরূপ নিজসম্মত ভক্তিকেই পরমলাভ বলিয়া উল্লেখ করিয়াছেন। ১১।১৯।৪০

স্বগতং বিচারয়তিস্ম—কিম্বা ভগবতা ধর্ম্মা ন প্রায়েণ নিরূপিতাঃ। প্রিয়াঃ পরমহংসানাং ত এব হ্যচ্যুতপ্রিয়াঃ॥ ১১৯॥ স্পষ্টং॥ ১—৪॥ শ্রীব্যাসঃ॥ ১১৯॥

শ্রীবেদব্যাসও নিজ মনে মনে এইরূপ বিচার করিয়াছিলেন কিম্বা আমি ভাগবতধর্ম্ম বহুলরূপে বর্ণন করি নাই, সেইজন্যই কি আমি চিত্তে প্রসন্নতা লাভ করিতে পারিতেছি না! যেহেতু পরমহংস আত্মারামগণের এবং শ্রীভগবানেরও সেই ভাগবতধর্ম্মই একান্ত প্রিয়। ১।৪।৩১ ॥ ১১৯॥

অশেষোপদেষ্টুরপি তদুপদেশেনৈব ভগবতঃ পরম উৎকর্ষ উচ্যতে। যথা— জিতমজিত তদা ভগবন্ যদাহ ভাগবতং ধর্ম্মমনবদ্যমিতি।

জিত মিত্যত্র ভবতেতি জ্ঞেয়ং। আহেত্যত্রতু ভবানিতি॥ ৬—১৬॥ চিত্রকেতুঃ শ্রীসঙ্কর্ষণম্॥ ১২০॥

অশেষ কর্ত্তব্য উপদেশের কর্ত্তা শ্রীভগবানেরও শ্রীভাগবতধর্ম্ম উপদেশের দ্বারাই পরম উৎকর্ষ উল্লেখ করা হইয়াছে। শ্রীচিত্রকেতু মহারাজ নিজ প্রভু শ্রীসঙ্কর্ষণ দেবকে কহিলেন—হে অজিত! হে ভগবন্! আপনি যখন এই জগতে আসিয়া বিশুদ্ধ ভাগবতধর্ম্ম উপদেশ করিয়াছেন, তখনই নিষ্কাম ভক্তিরসিক ভক্তগণকে জয় করিয়াছেন—এইরূপ উক্তিতে ভাগবত ধর্ম্মের উপদেশের দ্বারায় শ্রীভগবানের উৎকর্ষ প্রদর্শিত হইয়াছে।

তদেব ভক্তে রেবাভিধেয়ত্বং স্থিতং। তত্র যদ্বহুত্র কর্ম্মাদিমিশ্রত্বেন তদ্ধর্ম্ম উপদিশ্যতে, তত্তু তত্তন্মার্গ নিষ্ঠান্ ভক্তিসম্বন্ধেন কৃতার্থয়িতুং তানেব কাংশ্চি-দ্ভক্ত্যাস্বাদনেন শুদ্ধায়ামেব ভক্তৌ প্রবর্ত্তয়িতুং চেতি জ্ঞেয়ম্। পুনশ্চ সর্ব্বত্র তস্যা এবাভিধেয়ত্বং বক্তুং তদীয়মহিমা পূর্ব্বত্র ব্যাখ্যাতোঽপি ক্রমেণ ব্যাখ্যায়তে।

সর্ব্বৈরেব বিশেষতঃ ভক্তেরন্যত্তু ন কর্ত্তব্যমিত্যভিপ্রায়েণ। তত্র তস্যাঃ পরম-ধর্ম্মত্বং সর্ব্বকামপ্রদত্বঞ্চ এতবানেব লোকেঽস্মিন্নিত্যাদৌ, অকামঃ সর্ব্বকামোবা ইত্যাদৌ, সর্ব্বসামপিসিদ্ধীনা মিত্যাদৌ চ দর্শিতমেব। স্কান্দেচ সনৎকুমারমার্কণ্ডেয়-সংবাদে বিশিষ্টঃ সর্ব্বধর্ম্মানাং ধর্ম্মো বিষ্ণ্বর্চনং নৃণাম্। সর্ব্বযজ্ঞতপোহোমতীর্থস্নানৈশ্চ যৎ ফলং। তৎ ফলং কোটিগুনিতং বিষ্ণুং সংপূজ্য চাপ্নুয়াৎ। তস্মাৎ সর্ব্ব প্রযত্নেন নারায়ণমিহার্চ্চয়েৎ॥ ব্রহ্মনারদ সংবাদেচ—অশ্বমেধ সহস্রানাং সহস্রং যঃ করোতি বৈ। ন তৎফল মবাপ্নোতি মদ্ভক্তৈর্যদবাপ্যত ইতি॥ অশুভঘ্নত্বমপি সধ্রীচিনোহ্যয়ং লোকে পন্থা ইত্যাদৌ দর্শিতম্। টীকা চ—অতো ন জ্ঞানমার্গ ইবা সহায়তানিমিত্তং